

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৬, ২০১৭

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৪ মোতাবেক ০৬ জুন, ২০১৭

নিম্নলিখিত বিলটি ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৪ মোতাবেক ০৬ জুন, ২০১৭ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :

বা. জা. স. বিল নং ১২/২০১৭

২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল
হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে
আনীত বিল

যেহেতু ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত
তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৭ নামে অভিহিত
হইবে।

২। ২০১৬-২০১৭ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৮৩৭০,২২,৫০,০০০
(আঠারো হাজার তিনশত সত্তর কোটি বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান।—২০১৭ সনের
৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে
পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে
কলাম ৫ এ উল্লিখিত ১৮৩৭০,২২,৫০,০০০ (আঠারো হাজার তিনশত সত্তর কোটি বাইশ লক্ষ পঞ্চাশ
হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

(৬১৩৭)

মূল্য : টাকা ৪.০০

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০৬	সরকারি কর্ম কমিশন	-৩,৭৪,৫০	৫,০০,০০	১,২৫,৫০
১১	পরিকল্পনা বিভাগ	০	৩০৫,৯১,১৬	৩০৫,৯১,১৬
১২	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০	৯৩,২০,৩০	৯৩,২০,৩০
১৪	বাণিজ্য মন্ত্রণালয়	০	৭০,৪৩	৭০,৪৩
১৬	প্রতিরক্ষা মন্ত্রণালয়	০	১০৮০,৮৩,৩৩	১০৮০,৮৩,৩৩
১৭	সশস্ত্র বাহিনী বিভাগ	০	১,৮৪,৩৫	১,৮৪,৩৫
২০	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০	২,৬৬,১৮	২,৬৬,১৮
২৩	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০	২১৪৩,৯৭,৪০	২১৪৩,৯৭,৪০
২৭	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	২২,২৪,২৫	২২,২৪,২৫
২৯	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০	২০৫৫,২১,০৭	২০৫৫,২১,০৭
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৮১,৪৩,৯৪	৮১,৪৩,৯৪
৩৩	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	৩৬,৩৮,৯৯	৩৬,৩৮,৯৯
৩৪	স্থানীয় সরকার বিভাগ	০	৯২৭,১৪,৮০	৯২৭,১৪,৮০
৩৫	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	২৪৫,৪৭,১৬	২৪৫,৪৭,১৬
৩৭	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	২৭৭,৪৭,১৩	২৭৭,৪৭,১৩
৪১	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	৮১৭,৩০,৮৬	৮১৭,৩০,৮৬
৪৩	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৪২,৪০,৯৩	৪২,৪০,৯৩
৪৫	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০	৯৪১,৬৮,৭৯	৯৪১,৬৮,৭৯
৪৬	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	০	১১৬৬,৭৩,২৭	১১৬৬,৭৩,২৭
৪৭	রেলপথ মন্ত্রণালয়	০	২২,৪৯,৪০	২২,৪৯,৪০
৪৮	নৌ-পরিবহন মন্ত্রণালয়	০	১৭৫,৪২,৫৮	১৭৫,৪২,৫৮

১	২	৩	৪	৫
৫০	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	০	৩৮৯,৭৪,৫৩	৩৮৯,৭৪,৫৩
৫১	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	১৩১,৮৬,৮৭	১৩১,৮৬,৮৭
৫২	বিদ্যুৎ বিভাগ	০	৩৮৭,৬৩,২৩	৩৮৭,৬৩,২৩
	সুপ্রীম কোর্ট	১২,৬৬,৮৫	০	১২,৬৬,৮৫
৫৮	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	০	৪৭৫৬,৪৬,২৪	৪৭৫৬,৪৬,২৪
৫৯	সুরক্ষা সেবা বিভাগ	০	২২৫০,০২,৯৬	২২৫০,০২,৯৬
	মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবী	৮,৯২,৩৫	১৮৩৬১,৩০,১৫	১৮৩৭০,২২,৫০

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

আবুল মাল আবদুল মুহিত
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd